দৈনিক সংবাদ

তারিখ FEB 23 2000
পৃষ্ঠা ১০ কলাম ২





আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে আমরা সবাই ক্রীড়া ও সাংস্কৃতিক সংঘের উদ্যোগে রক্তদান কর্মসূচি।

# আজিমপুর কলোনিতে রক্তদান কর্মসূচি

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং সম্প্রতি দুষ্কৃতকারীদের হাতে নিহত মেধাবী ছাত্র এবিএম ফয়সাল স্মরণে সন্ধানীর সহযোগিতায় ২১শে ফেব্রুয়ারি আজিমপুর সরকারি কলোনিতে রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়। স্থানীয় সংগঠন আমরা সবাই ক্রীড়া ও সাংস্কৃতিক সংঘের উদ্যোগে উক্ত রক্তদান কর্মসূচিতে প্রায় ৩০ জন রক্তদান করে। রক্তদান কর্মসূচি সকাল ১০টায় উদ্বোধন করা হয়। অগ্রণী স্কুল ও কলেজ সংলগ্ন এলাকায় অনুষ্ঠিত রক্তদান কর্মসূচিতে দুষ্কৃতকারীদের হাতে নিহত ফয়সালের পিতা উপসচিব আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন। খবর সংবাদ বিজ্ঞপ্তি।